



# সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

## Social Development Foundation (SDF)

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অধীনস্থ একটি স্বায়ত্তশাসিত সংস্থা

**বিষয়: লিঙ্গ ভিত্তিক সহিংসতা, যৌন নিপীড়ণ ও অপব্যবহার (Sexual Exploitation & Abuse) এবং যৌন হয়রানি (Sexual Harassment) প্রতিরোধ বিষয়ে সচেতনতা সৃষ্টি ও দাপ্তরিক কাজের সুষ্ঠু পরিবেশ তৈরী করার লক্ষ্যে আবশ্যিকভাবে প্রতিপালনীয় নির্দেশাবলী।**


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অধীন একটি অলাভজনক ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হিসেবে “সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)” ২০০০ সালে প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠালগ্ন থেকে দেশের গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়ন ও দারিদ্র বিমোচনে “এসডিএফ” নিবেদিতভাবে সুনামের সাথে সফলভাবে কাজ করে যাচ্ছে। বর্তমানে প্রতিষ্ঠানের কতিপয় কর্মকর্তা ও কর্মচারীদের নৈতিক স্বলনজনিত অসদাচারণের বিষয়ে বেশ কিছু অভিযোগ বিভিন্ন পর্যায়ে উত্থাপিত হয়েছে এবং এর ফলে প্রতিষ্ঠানের ভাবমূর্তি মারাত্মকভাবে ক্ষুণ্ণ হচ্ছে; যা কোন মতেই কাম্য নয়।

এ প্রেক্ষাপটে, সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) এ বর্ণিত সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের কে দপ্তরসহ সকল ক্ষেত্রে নিম্ন বর্ণিত নির্দেশনাবলি যথাযথভাবে অনুসরণের জন্য অনুরোধ করা হলো:

- লিঙ্গ, জাতি, বর্ণ, রাজনৈতিক বা অন্যান্য মতামত, জাতীয়তা, জাতিগত বা সামাজিক উৎপত্তি, লিঙ্গ পরিচয়, যৌন অভিমুখিতা, সম্পত্তি, প্রতিবন্ধিতা, জন্ম ও অন্যান্য সামাজিক মর্যাদা নির্বিশেষে শিশু (১৮ বছরের কম বয়সি ব্যক্তি) সহ সকল ব্যক্তির সাথে সদাচরণ করতে হবে;
- এসডিএফ এর সাথে সংশ্লিষ্ট বিভিন্ন ধরনের কমিউনিটি ভিত্তিক দল, অংশীজন এবং সংস্থাসমূহে যৌন নিপীড়ণ ও অপব্যবহার (SEA) এবং যৌন হয়রানি (SH) মুক্ত একটি পরিবেশ বজায় রাখতে হবে। যেখানে কোন কর্মকর্তা/কর্মচারি কোনোরূপ শারীরিক, মানসিক বা মৌখিকভাবে যৌন নিপীড়ণ, হয়রানি এবং অপব্যবহার করা বা এর শিকার হবেন না;
- নারী, শিশু এবং পুরুষের সাথে অনুপযুক্ত, হয়রানিমূলক, অপমানজনক, যৌন উত্তেজক, অবমাননাকর বা সাংস্কৃতিকভাবে অনুপযুক্তভাবে এমন ভাষা বা আচরণ করা যাবে না;
- কোন অপ্রাপ্তবয়স্ক কারো সাথে সম্পর্ক গড়ে তোলার উদ্দেশ্যে এমন কোন কাজে অগ্রহণ করা যাবে না যা যৌন কার্যের দিকে পরিচালিত করবে;
- কোন কিছুর বিনিময়ে যৌন সুবিধার জন্য অনুরোধ/ হুমকি দেওয়া যাবে না এবং জোরপূর্বক বা সম্মতিমূলকভাবে ও কোন অনৈতিক সম্পর্ক স্থাপন করা যাবে না;
- কোন নারী সহকর্মী বা অংশীজন সহ অন্য কোন পর্যায়ে সামাজিক এবং সাংস্কৃতিকভাবে গ্রহণযোগ্য নয় এমন কোন আচরণ করা যাবে না।
- এই নীতিমালার কোন প্রকার ব্যত্যয় গুরুতর অসদাচারণ হিসেবে গণ্য এবং এর জন্য কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এতদসংক্রান্ত গঠিত কমিটি (সদর দপ্তর, অঞ্চল ও জেলা পর্যায়ে) নীতিমালার ব্যত্যয় নজরদারীতে রাখবেন এবং প্রয়োজনীয় ক্ষেত্রে উর্ধ্বতন মহলকে অবহিত করবেন।

**খন্যবাস্তাবে**

  
(মোঃ আবদুস সামাদ)  
চেয়ারপার্সন, বোর্ড অব ডিরেক্টরস, এসডিএফ

অনুলিপি:

১. ব্যবস্থাপনা পরিচালক, এসডিএফ, ঢাকা।
২. সকল কর্মকর্তা ও কর্মচারি, এসডিএফ।
৩. অফিস কপি।